



সুবিধা বঞ্চিত শিক্ষার্থীদের বৃত্তি প্রদান

নিজস্ব সংবাদদাতা, ঝিনাইদহ, ১৫ অক্টোবর ॥ সুবিধাবঞ্চিত ৫০ মেধাবী শিক্ষার্থীর মাঝে বৃত্তির অর্থ প্রদান করা হয়েছে। মঙ্গলবার দুপুরে বেসরকারী স্বচ্ছসেবী সংস্থা আশা'র আয়োজনে সদর উপজেলা পরিষদ মিলনায়তনে এ বৃত্তি প্রদান অনুষ্ঠিত হয়। এ সময় আশার কুষ্টিয়া ডিভিশনাল ম্যানেজার উত্তম কুমার ভৌমিকের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন জেলা শিক্ষা অফিসার সুশান্ত কুমার দেব। বিশেষ অতিথি ছিলেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা শাম্মী ইসলাম, সদর থানার অফিসার ইনচার্জ মঈন উদ্দিন, সমাজসেবা অফিসার রুবেল হাওলাদার, মাধ্যমিক শিক্ষা অফিসার এম এ আরিফ সরকার, আশার ইভিপি (প্রোগ্রাম) শাঁওলী বার্নাসহ আশা এনজিও কর্মকর্তাবৃন্দ। সুবিধা বঞ্চিত ৫০ এসএসসি ও এইচএসসি পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত মেধাবী শিক্ষার্থীর মাঝে সাড়ে ৫ লাখ টাকার শিক্ষাবৃত্তি প্রদান করা হয়।

মীরসরাইয়ে চক্ষুসেবা

নিজস্ব সংবাদদাতা, মীরসরাই, চট্টগ্রাম, ১৫ অক্টোবর ॥ মীরসরাইয়ে লায়ন্স ক্লাবের আয়োজনে এবং লায়ন প্রফেসর ডাঃ ফারুকের উদ্যোগে ৮শ রোগীকে বিনামূল্যে চক্ষুসেবা প্রদান করা হয়েছে। মঙ্গলবার সকাল ৯টা থেকে বিকেল ৩টা পর্যন্ত উপজেলার জোরারগঞ্জ থানাধীন ওচমানপুর ইউনিয়নের পাতাকোট গ্রামের প্রফেসর লায়ন ডাঃ ফারুকের নিজস্ব বাড়িতে (রওশন জামান ভিলা) সকাল ৯টা থেকে বিকেল ৩টা পর্যন্ত উক্ত চক্ষুসেবা প্রদান করা হয়। এ সময় রোগীদের মাঝে বিনামূল্যে ২শটি চশমা ও ৬০ হাজার টাকার ওষুধ প্রদান করা হয় এবং উপস্থিত রোগীদের মধ্য থেকে ১৫০ জনকে বিনামূল্যে চোখের অপারেশনের জন্য মনোনীত করা হয়। এদের মধ্যে প্রথম ধাপে আগামী ২০২০ সালের ১১ জানুয়ারি ৫০ জনকে অপারেশন করানো হবে। দ্বিতীয় ধাপে একই মাসের ১৮ তারিখে আরও ৫০ জনের অপারেশন করানো হবে।

সাবধানবাণী: বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান। সম্পাদক কর্তৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লিঃ ও জনকণ্ঠ লিঃ ঢাকা থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডিএ ৭৯৬।

কার্যালয়: জনকণ্ঠ ভবন,
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন,
জিপিও বাক্স: ৩৩৮০, ঢাকা।

ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহ্যান্ডিং ২০ টি লাইন),
ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫
ই-মেইল: janakanthanews@gmail.com
ই-জনকণ্ঠ: www.edailyjanakantha.com

আঞ্চলিক কার্যালয় (চট্টগ্রাম): মান্নান ভবন (দোতলা),
১৫৬ নুর আহমদ সড়ক (জুবিলী রোড), চট্টগ্রাম,

Copyright © All rights reserved by dailyjanakantha.com